MAR 22[redacted]

তারিখ ………
পৃষ্ঠা … কলাম …

দৈনিক জনকণ্ঠ

# নকল প্রাতিরোধে মোটিভেশন কর্মসূচী ও শিক্ষক-পরীক্ষার্থী বহিষ্কারে ইতিবাচক প্রভাব

শরিফুজ্জামান পিন্টু

নকল প্রতিরোধে ব্যাপক মোটিভেশন কর্মসূচী ও রেকর্ডসংখ্যক শিক্ষক-শিক্ষার্থী বহিষ্কারসহ নকলপ্রবণ-কেন্দ্র বাতিলের শাস্তিমূলক ব্যবস্থা চলতি এসএসসি পরীক্ষায় নকলের উৎসব জমে উঠতে দেয়নি। দেশের প্রত্যন্ত বিভিন্ন অঞ্চলে নকলের খবর পাওয়া গেলেও রাজধানীসহ বিভাগীয় ও জেলা সদরে সর্ববৃহৎ এই পাবলিক পরীক্ষা মোটামুটি নকলমুক্ত ও শান্তিপূর্ণ পরিবেশে অনুষ্ঠিত

## এসএসসি ও দাখিল পরীক্ষা

হচ্ছে। বিগত ৪/৫ বছরের মধ্যে চলতি এসএসসি পরীক্ষায় নকলের প্রকোপ

(১১- পৃষ্ঠা ৬-এর কঃ দেখুন)

(…ম পাতার পর) **নকল প্রতিরোধে**

মোটামুটি সহনশীল পর্যায়ে নেমে এসেছে বলে বিভিন্ন মহলের অভিমত। শিক্ষকতার মতো মহান পেশার কলঙ্ক একশ্রেণীর শিক্ষক নামধারী ব্যক্তির ওপর কঠোর শাস্তিমূলক ব্যবস্থা পাবলিক পরীক্ষায় ইতিবাচক প্রভাব ফেলছে। ইতোমধ্যে এসএসসি, দাখিল পরীক্ষায় রেকর্ডসংখ্যক প্রায় দুই শ' শিক্ষককে বহিষ্কার করা হয়েছে। এসব শিক্ষকের বিরুদ্ধে বেতন-ভাতা-বন্ধসহ নানা ব্যবস্থা নেয়া হবে বলে শিক্ষা মন্ত্রণালয় সূত্রে জানা গেছে। শিক্ষার্থী বহিষ্কৃত হয়েছে প্রায় ২০ হাজার।

ছাত্রদের পরীক্ষায় শিক্ষক বহিষ্কারের ঘটনাকে শিক্ষামন্ত্রী এএসএইচকে সাদেক জাতির জন্য লজ্জাজনক উল্লেখ করে গত শুক্রবার এক বিবৃতিতে বলেছেন, শিক্ষকরা সত্যিকার আন্তরিক ও দায়িত্ববান হলে পরীক্ষায় নকল শতকরা ৯০ ভাগ কমে যাবে বলে তিনি দৃঢ়ভাবে বিশ্বাস করেন। শিক্ষকরা কঠোর হলে যে সুফল পাওয়া যায় তার দৃষ্টান্ত ইতোমধ্যে স্থাপিত হয়েছে বলে শিক্ষা মন্ত্রণালয় ও শিক্ষা বোর্ড সূত্র দাবি করছে।

একদিকে শিক্ষা বোর্ডগুলোর ব্যাপক মোটিভেশন কর্মসূচী অন্যদিকে শিক্ষক ও পরীক্ষার্থী বহিষ্কার, কেন্দ্র বাতিল, পুলিশের পাশাপাশি বিডিআর মোতায়েন প্রভৃতির ফলে নকলের তীব্রতা বিগত কয়েক বছরের তুলনায় কমে এসেছে। পাঁচটি পরীক্ষায় রেকর্ডসংখ্যক পরীক্ষার্থী ও শিক্ষক বহিষ্কারের ঘটনায় সব মহলে কিছুটা ভীতির সঞ্চার করেছে। নকল সরবরাহ ও দায়িত্বে অবহেলার কারণে যেসব শিক্ষক বহিষ্কার হয়েছে তাদের পক্ষে কোন শিক্ষক সংগঠন এগিয়ে আসেনি বা বিবৃতি দেয়নি। শিক্ষামন্ত্রীর সঙ্গে শিক্ষক নেতাদের স্বাক্ষরিত গত ২৪ আগস্টের চুক্তি অনুযায়ী কোন শিক্ষক সংগঠন এদের পক্ষে অবস্থান নেবে না বলে জানা যায়।

এদিকে সৎ ও দায়িত্ববান শিক্ষকরা শিক্ষক নামধারী ব্যক্তিদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণে সন্তোষ প্রকাশ করছেন। নাম প্রকাশে অনিচ্ছুক রাজধানীর একজন প্রবীণ শিক্ষক বলেন; কতিপয় শিক্ষক নামধারী লোকের জন্য গোটা শিক্ষক সমাজের মানসম্মান ধুলায় মিশে যাচ্ছে। তিনি দেশের যত্রতত্র স্কুল, কলেজ খোলার সরকারী সিদ্ধান্তের তীব্র সমালোচনা করে বলেন, এ ধরনের শিক্ষা প্রতিষ্ঠানে অধিকাংশ ক্ষেত্রে অযোগ্য ব্যক্তিরা নিয়োগ পায়। ডোনেশনের নামে ঘুষ, রাজনৈতিক প্রভাব, তদবিরসহ নানা দুর্নীতির মাধ্যমে এসব ব্যক্তি নিয়োগ লাভ করে। শিক্ষাগত যোগ্যতাধারী ব্যক্তিরা বেশিরভাগ ক্ষেত্রেই উপেক্ষিত হয়। তিনি আরও বলেন, দুর্নীতি ও অনিয়মের মাধ্যমে নিযুক্ত অযোগ্য শিক্ষকরাই নকল সরবরাহ বা দায়িত্বে অবহেলা করে। নব্বইয়ের দশকজুড়ে এদের সংখ্যা বেড়েই চলছে। তবে দেশে এখনও সৎ ও দায়িত্ববান শিক্ষকের সংখ্যা বেশি বলে তিনি উল্লেখ করেন।

এদিকে বুধবার ছিল এসএসসি হিসাববিজ্ঞান বিষয়ের পরীক্ষা। শান্তিপূর্ণভাবে পরীক্ষাটি অনুষ্ঠিত হয়। তবে শিক্ষক-শিক্ষার্থী বহিষ্কার ও গ্রেফতার অব্যাহত রয়েছে। নওগাঁ সদরের গোয়ালি দাখিল মাদ্রাসা শিক্ষক আব্দুস সালাম নকল সরবরাহের সময় মহিলা ম্যাজিস্ট্রেট হাতেনাতে ধরে তাকে পুলিশে সোপর্দ করেন। নওগাঁ ইসলামিয়া সিনিয়র ফাজিল মাদ্রাসাকেন্দ্রে এ ঘটনা ঘটে।

চট্টগ্রাম অফিস থেকে স্টাফ রিপোর্টার জানান, চরম অব্যবস্থাপনা ও নকলের অভিযোগে চট্টগ্রাম শিক্ষা বোর্ডের দু'টি এসএসসি পরীক্ষাকেন্দ্র বাতিল করা হয়েছে। কেন্দ্র দু'টি হচ্ছে সন্দ্বীপের সন্তোষপুর উচ্চ বিদ্যালয় এবং রাঙ্গামাটি রাজস্থলী উচ্চ বিদ্যালয় কেন্দ্র। এছাড়া দায়িত্বে অবহেলার অভিযোগে বহিষ্কৃত হয়েছে পাঁচ শিক্ষক।

চট্টগ্রাম শিক্ষা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক আহমদ হোসেন জানান, চলতি এসএসসি পরীক্ষায় ব্যাপক হারে নকল এবং অব্যবস্থাপনার অভিযোগে উক্ত দু'টি কেন্দ্র বাতিল করা হয়। তিনি আরও জানান, সন্তোষপুর কেন্দ্রের ছাত্রছাত্রীরা আজ বৃহস্পতিবার থেকে পরীক্ষা দেবে কারগিল উচ্চ বিদ্যালয়ে। আর রাজস্থলী উচ্চ বিদ্যালয়ের পরীক্ষার্থীরা শনিবার থেকে পরীক্ষা দেবে কাপ্তাই বিদ্যুৎ উন্নয়ন স্কুলে। এ ব্যাপারে বোর্ড কর্তৃপক্ষ ইতোমধ্যে সংশ্লিষ্ট কেন্দ্রে চিঠি ইস্যু করেছে।

## প্রকাশিত সংবাদের প্রতিবাদ

মঙ্গলবার দৈনিক জনকণ্ঠে প্রকাশিত সংবাদের প্রতিবাদ করেছে ফটিকছড়ি নানুপুর আবু সোবহান উচ্চ বিদ্যালয়ের কেন্দ্র সচিব। উক্ত কেন্দ্র সম্পর্কে জনকণ্ঠে প্রকাশিত তথ্য সঠিক নয় বলে উল্লেখ করে বলা হয়, প্রতিদিন ইউএনও এ কেন্দ্র পরিদর্শন করে আসছেন এবং বোর্ডের ভিজিল্যান্স টিম কেন্দ্র পরিদর্শনে দায়িত্ব পালন করে আসছে।

চাঁদপুর থেকে নিজস্ব সংবাদদাতা জানান, মতলব উপজেলার নারায়ণপুর উচ্চ বিদ্যালয় এসএসসি পরীক্ষাকেন্দ্রে একজন পরীক্ষার্থীকে নকল দেয়ার অভিযোগে নায়েরগাঁও উচ্চ বিদ্যালয়ের সহকারী শিক্ষক ও কক্ষ পরিদর্শক জহিরুল ইসলামকে বহিষ্কার করা হয়েছে। এদিকে গতকাল মঙ্গলবার একই পরীক্ষাকেন্দ্রে বাংলা দ্বিতীয় পত্রের পরীক্ষায় বিগত বছরের (২০০০ সালের) একটি উত্তরপত্র লিখে এনে মূল